

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়

নাটোর পানি উন্নয়ন বিভাগ

দক্ষিণ বড়গাছা, নাটোর।

e-mail: xen.natore@yahoo.com, web: www.bwdb.natore.gov.bd

স্মারক নং-৪সি-১/১৮৯৩

তারিখ: ২৫/১০/২০২৬ খ্রিঃ।

“সীমিত দরপত্র পদ্ধতিতে ঠিকাদার তালিকাভুক্তি/নবায়নের বিজ্ঞপ্তি”

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নাটোর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, নাটোর পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ এর বিধি ৮০(১)(ঘ) এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতির আওতায় অনধিক ৫.০০ (পাঁচ) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীণ কার্য ও ৫০.০০ (পঞ্চাশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য সরবরাহের লক্ষ্যে ২০২৬-২৭ অর্থ বৎসরের জন্য ঠিকাদার তালিকাভুক্তি/নবায়ন করা হবে। তদ্বাধ্যায়ক প্রকৌশলী, কন্ট্রোল এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা এর স্মারক নং- ৪২.০১.০০০০.০০৫.২২.০০৩.১৫-১৩৪ তারিখঃ ২০/০৭/২০২০ খ্রিঃ মোতাবেক নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে ২০২৬-২৭ অর্থ বৎসরের জন্য নতুন ঠিকাদার তালিকাভুক্তি ও তালিকাভুক্ত ঠিকাদারদের নবায়নের আবেদন করা যাবে। উল্লেখ্য, আবেদনপত্র অত্র দপ্তরের উর্দ্ধতন হিসাব সহকারী নিকট সংগ্রহ ও জমা প্রদান করা যাবে।

১। তালিকাভুক্ত ঠিকাদার/সরবরাহকারী নবায়নের তফসিল (কার্য ও পণ্য):

ক্রঃ নং	নবায়নের আবেদন গ্রহণের শুরুর তারিখ	নবায়নের আবেদন জমাদানের শেষ তারিখ
০১।	২৬/১০/২০২৬ খ্রিঃ	২৩/১১/২০২৬ খ্রিঃ

২। ঠিকাদার/সরবরাহকারী নতুন তালিকাভুক্তির আবেদনের তফসিল (কার্য ও পণ্য):

ক্রঃ নং	ঠিকাদার/সরবরাহকারীর আবেদন গ্রহণের শুরুর তারিখ	ঠিকাদার/সরবরাহকারীর আবেদন জমাদানের শেষ তারিখ
০১।	২৬/১০/২০২৬ খ্রিঃ	২৩/১১/২০২৬ খ্রিঃ

শর্তাবলী

নবায়নের ক্ষেত্রে শর্তাবলীঃ

- ০১। ৫০০.০০ (পাঁচশত) টাকার ০১ (এক) টি পে-অর্ডার/ব্যাংক ড্রাফট হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, রাজশাহী বরাবর করতঃ জমা প্রদান করে আবেদনপত্র সংগ্রহ করতে হবে।
- ০২। হাল নাগাদ ট্রেড লাইসেন্স আবেদনপত্রের সাথে জমা প্রদান করতে হবে।
- ০৩। ২৫.০০ লক্ষ টাকার ব্যাংক সলভেন্সি সনদপত্র আবেদনের সাথে জমা প্রদান করতে হবে।
- ০৪। নবায়ন ফি বাবদ ২০০০.০০ (দুই হাজার) টাকা এবং ১৫% ভ্যাট বাবদ ৩০০.০০ (তিনশত) টাকা, তবে একক মালিকানাধীন প্রতিষ্ঠানের ক্ষেত্রে সত্বাধিকারী নারী হলে নবায়ন ফি ১৫০০.০০ (এক হাজার পাঁচশত) টাকা এবং ১৫% হারে সংযোজন কর বাবদ ২২৫.০০ (দুইশত পঁচিশ) টাকা পৃথক ০২ (দুই) টি ব্যাংক ড্রাফট/পে-অর্ডার হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, রাজশাহী বরাবর করতঃ আবেদনপত্রের সাথে জমা প্রদান করতে হবে।
- ০৫। ঠিকাদার তালিকাভুক্তি কমিটির সুপারিশ এবং প্রধান প্রকৌশলী, উত্তর-পশ্চিমাঞ্চল, বাপাউবো, রাজশাহী মহোদয়ের অনুমোদন সাপেক্ষে তালিকাভুক্তি নবায়নের আবেদন চূড়ান্তভাবে গৃহীত হবে।

নতুন তালিকাভুক্তির ক্ষেত্রে শর্তাবলীঃ

- ০১। ৫০০.০০ (পাঁচশত) টাকার ০১ (এক) টি পে-অর্ডার/ব্যাংক ড্রাফট হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, রাজশাহী বরাবর করতঃ জমা প্রদান করে আবেদনপত্র সংগ্রহ করতে হবে।
 - ০২। আবেদনের সাথে বৈধ ট্রেড লাইসেন্স এবং BIN Certificate জমা প্রদান করতে হবে।
 - ০৩। ২৫.০০ লক্ষ টাকার ব্যাংক সলভেন্সি সনদপত্র আবেদনের সাথে জমা প্রদান করতে হবে। ব্যাংক সলভেন্সি সনদপত্র আবেদন গ্রহণ শুরুর তারিখ হতে জমাদানের শেষ তারিখের মধ্যে হতে হবে।
 - ০৪। ২০২৫-২৬ অর্থ বছরের আয়কর প্রদানের প্রমাণক আবেদনের সাথে জমা প্রদান করতে হবে।
 - ০৫। আবেদনের সাথে জাতীয় পরিচয়পত্র এবং সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি সংযুক্ত করতে হবে।
 - ০৬। বাপাউবো'র নির্ধারিত ছকে ৩০০.০০ (তিনশত টাকার) নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গিকারনামা প্রদান করতে হবে।
 - ০৭। ঠিকাদারী প্রতিষ্ঠানে কর্মরত জনবলের প্রমাণক ও মেশিনারিজ ইকুইপমেন্ট আবেদনপত্রের সাথে জমা প্রদান করতে হবে।
 - ০৮। ঠিকাদার তালিকাভুক্তি কমিটির সুপারিশ এবং প্রধান প্রকৌশলী, উত্তর-পশ্চিমাঞ্চল, বাপাউবো, রাজশাহী মহোদয়ের অনুমোদন সাপেক্ষে নতুন তালিকাভুক্তির আবেদন চূড়ান্তভাবে গৃহীত হবে।
 - ০৯। ঠিকাদার তালিকাভুক্তি কমিটির সুপারিশ এবং প্রধান প্রকৌশলী, উত্তর-পশ্চিমাঞ্চল, বাপাউবো, রাজশাহী মহোদয়ের প্রাথমিক অনুমোদন পর নতুন ঠিকাদার তালিকাভুক্তির ক্ষেত্রে তালিকাভুক্তি ফি ৫০০০.০০ (পাঁচ হাজার) টাকা এবং ১৫% ভ্যাট বাবদ ৭৫০.০০ (সাতশত পঞ্চাশ) টাকা তবে একক মালিকানাধীন প্রতিষ্ঠানের ক্ষেত্রে সত্বাধিকারী নারী হলে তালিকাভুক্তি ফি ৩০০০.০০ (তিন হাজার) টাকা এবং ১৫% হারে সংযোজন কর বাবদ ৪৫০.০০ (চারশত পঞ্চাশ) টাকা পৃথক ০২ (দুই) টি ব্যাংক ড্রাফট/পে-অর্ডার হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, রাজশাহী বরাবর করতঃ অত্র দপ্তরের সাধারণ শাখায় জমা প্রদান করতে হবে।
- উল্লেখ্য যে, ক্রয়কারী কর্তৃপক্ষ (Procuring Entity) আবেদনকারীদের আবেদন পত্র যাচাই বাচাই সাপেক্ষে কোন কারণ দর্শানো ব্যতিরেকে আবেদন গ্রহণ বা বাতিল করার ক্ষমতাবান এবং ঠিকাদার/সরবরাহকারী প্রতিষ্ঠানের সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) ড্রেডারে অংশগ্রহণের জন্য e-GP Registration থাকা আবশ্যিক।


(মোঃ রিফাত করিম)

নির্বাহী প্রকৌশলী

নাটোর পানি উন্নয়ন বিভাগ


বাপাউবো, নাটোর।

চলমান পাতা-২

স্মারক নং-৪সি-১/ ১৮৯৩/১(১৫)

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:-

- ০১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, উত্তর-পশ্চিমাঞ্চল, বাপাউবো, রাজশাহী।
- ০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রাজশাহী পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, রাজশাহী।
- ০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কন্ড্রাস্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা।
- ০৪। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, পানি ভবন, লেভেল-৯, ৭২ গ্রীনরোড, ঢাকা। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারিত ১টি বাংলা ও ১টি ইংরেজী জাতীয় পত্রিকায় প্রকাশের জন্য মহোদয়কে সন্নিবেশিত অনুরোধ করা হলো।
- ০৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা। তালিকাটি বাপাউবো ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ০৬। জেলা প্রশাসক, নাটোর।
- ০৭। পুলিশ কমিশনার, নাটোর।
- ০৮। সি.এস. ও টু মহাপরিচালক, বাপাউবো, পানি ভবন, লেভেল-৫, ৭২, গ্রীন রোড, ঢাকা-১২০৫।
- ০৯। নির্বাহী প্রকৌশলী, নওগাঁ/ নাটোর/চাঁপাইনবাবগঞ্জ/বগুড়া/সিরাজগঞ্জ/জয়পুরহাট/পাবনা/বেড়া পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, নওগাঁ/ নাটোর/চাঁপাইনবাবগঞ্জ/বগুড়া/ সিরাজগঞ্জ/জয়পুরহাট/পাবনা/বেড়া।
- ১০। উপ-বিভাগীয় প্রকৌশলী, নাটোর পানি উন্নয়ন উপ-বিভাগ-১/২, বাপাউবো, নাটোর।
- ১১। হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, রাজশাহী।
- ১২। সহকারী প্রকৌশলী, অত্র দপ্তর।
- ১৩। উপ-সহকারী প্রকৌশলী/প্রাক্কলনিক, অত্র দপ্তর।
- ১৪। জনাব -----।
- ১৫। দপ্তর কপি।


নির্বাহী প্রকৌশলী

নাটোর পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, নাটোর।